

## প্রকাশিত সংবাদ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ব্যাখ্যা

ঢাকা, ২৫ ডিসেম্বর ২০১৭

আজ ২৫ ডিসেম্বর ২০১৭ তারিখে দৈনিক মানবজগতিন, বাংলাদেশ প্রতিদিন ও আমাদের সময়ে যথাক্রমে 'খালি অফিসাররা চোর না', 'সহনশীল হয়ে ঘূষ খাবেন' এবং 'সহনশীল মাত্রায় ঘূষ খাওয়ার পরামর্শ' শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি শিক্ষা মন্ত্রণালয়ের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। কয়েকটি অনলাইন গণমাধ্যমেও এ বিষয়ে সংবাদ প্রকাশিত হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় মনে করে প্রকাশিত সংবাদে ভুল বুঝাবুঝির অবকাশ রয়েছে।

গতকাল ২৪ ডিসেম্বর ২০১৭ তারিখে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর (ডিআইএ)’র কর্মকর্তা-কর্মচারীদের মাঝে ল্যাপটপ ও প্রশিক্ষণ সনদ বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এসময় বক্তৃতায় শিক্ষামন্ত্রী এ অধিদপ্তরের অতীতের/আট বছর আগের উদাহরণ দিতে গিয়ে ডিআইএ’র কর্মকর্তা কর্মচারীদের বিভিন্ন অনিয়ম-দুর্বীতির কথা তুলে ধরেন। তিনি বলেন, বর্তমানে পিয়ার ইনস্পেকশন ও ডিজিটাল মনিটরিং ব্যবস্থা চালুর ফলে এ অবস্থার অনেক পরিবর্তন ও উন্নতি হয়েছে। ডিআইএ’র কর্মকর্তাদের কোন অনিয়ম-দুর্বীতি সহ্য করা হবে না উল্লেখ করে তিনি বলেন, সম্প্রতি ডিআইএ’র একজন কর্মকর্তাকে দুর্বীতির প্রমানসহ দুদকের সহায়তায় গ্রেফতার করা হয়েছে। মন্ত্রী ঘূষ-দুর্বীতি বিষয়ে ডিআইএ-সহ শিক্ষা মন্ত্রণালয়ের বিভিন্ন সংস্থার প্রতি জিরো টলারেন্স নীতি স্মরণ করিয়ে দেন।

কিন্তু প্রকাশিত সংবাদগুলোতে ডিআইএ’র অতীত বিষয়ক বক্তব্য বা তুলনাকে বর্তমানের কথা ধরে নিয়ে সংবাদ পরিবেশন করা হয়েছে। যা দৃঢ়জনক, বিভ্রান্তিকর ও শিক্ষামন্ত্রীর মূল বক্তব্যের বিপরীত এবং শিক্ষা মন্ত্রণালয়ের বর্তমান নীতির পরিপন্থী।

মোহাম্মদ আফরাজুর রহমান  
সিনিয়র তথ্য অফিসার  
শিক্ষা মন্ত্রণালয়  
মোবাইল: ০১৯১১-০০৭৫৩৯